‘আবুল হোসেন স্মৃতি পাঠাগারকে বাঁচাতেই হবে’

চুয়াডাঙ্গা নাগরিক কমিটির এক সভা গতকাল সোমবার সন্ধ্যায় শহরের শেখপাড়ায় অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন, কমিটির সভাপতি তৌহিদ হোসেন।

সভায় চুয়াডাঙ্গাবাসির প্রিয় প্রতিষ্ঠান আবুল হোসেন স্মৃতি গ্রন্থাগারকে আগের অবস্থানে ফিরিয়ে আনার লক্ষ্যে এবং চুয়াডাঙ্গা পৌরসভার নানাবিধ সমস্যা নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশ নেন ইকবাল আতাহার তাজ, অ্যাডভোকেট মানিক আকবর, অ্যাডভোকেট কাইজার হোসেন জোয়ার্দ্দার, মিলন বিশ্বাস, মেহেরাব্বিন সানভি, আবু বক্কর সিদ্দিক, লাভলু রহমান, শফিকুর রহমান, আবুল কাশেম, ফজলে রাব্বি, আশিকুজ্জামান প্রমুখ।

সভায় আজ মঙ্গলবার বেলা ১২টায় পৌরএলাকার সমস্যাবলি নিয়ে স্মারকলিপি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়াও শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন স্মৃতি গ্রন্থাগার নিয়ে যৌক্তিক সিদ্ধান্ত দেওয়ার দাবি জানানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

সভার সভাপতি তৌহিদ হোসেন তার বক্তব্যে বলেন, জেলার ভাল মানুষদের সুস্থ চিন্তাধারার প্রতিফলন ঘটছে না। যার সম্মান পাওয়ার কথা তিনি পাচ্ছেন না। টাকা এখন সম্মানের মাফকাটি। যার অনেক টাকা তিনি সমাজে সম্মানিত হচ্ছেন। কিন্তু কেন তিনি অঢেল টাকার মালিক তা নিয়ে প্রশ্ন তোলার প্রেক্ষাপট দিনে দিনে ম্লান হয়ে যাচ্ছে। আর এসব কারণেই অন্যায় মাথাচাড়া দিচ্ছে। দুর্নীতি বাধাহীন পথে হাটছে। এসবের জন্য আমাদের সংগঠিত হওয়া দরকার। চুয়াডাঙ্গা উন্নয়নে ভূমিকা রাখার জন্য ঐক্যবদ্ধ হওয়া দরকার।

সভা পরিচালনা করেন, চুয়াডাঙ্গা নাগরিক কমিটির সদস্যসচিব অধ্যাপক শেখ সেলিম।